ফারাক্কা ১০৯টি কপাট খুলে দিয়েছে ভারত, দেশে বন্যার আশঙ্কা

প্রবল বর্ষণে প্লাবনের সৃষ্টি হওয়ায় সোমবার ফারাক্কা বাঁধের সব লকগেট খুলে দিয়েছে ভারত সরকার। ফলে মুর্শিদাবাদের একাংশ ও বাংলাদেশে প্লাবনের আশঙ্কা তৈরি হয়েছে। পদ্মা ছাড়াও মালদা জেলার প্রায় সমস্ত নদীতে পানি বাড়ছে। টানা বর্ষণে ইংরেজ বাজার শহরের একাধিক এলাকা জলের তলায়।

উত্তর প্রদেশ ও বিহারে রেকর্ড বৃষ্টিতে উপচে পড়ছে বাঁধের জল। ফলে ফরাক্কা ব্যারেজের ১০৯টি লকগেটই আজ খুলে দেয় কর্তৃপক্ষ। এতে নদীর ভাটিতে প্লাবনের সম্ভাবনা তৈরি হয়েছে। পানির উচ্চতা বেড়ে গেছে মালদা জেলার ফুলহর, মহানন্দা ও কালিন্দী নদীতে।

টানা বৃষ্টিতে প্লাবিত হয়ে গেছে ইংরেজবাজার ও পুরাতন মালদা পৌরসভার বিস্তীর্ণ এলাকা। পানিবন্দী হয়ে সোমবার পথ অবরোধ করেন স্থানীয়রা। ইংরেজবাজার পৌরসভার ২৯টি ওয়ার্ডের মধ্যে ২১টিই ডুবে গেছে। পুরাতন মালদা পৌরসভার ২০টি ওয়ার্ডের ৯টি ইতিমধ্যে পানির নীচে।

এদিকে ভারতের এমন কান্ডের ফলে প্লাবনের আশঙ্কা জেগেছে বাংলাদেশের পশ্চিমাঞ্চলে। বর্ষা মৌসুমে প্রায় প্রতি বছরই ফারাক্কার গেট খুলে দিলে প্লাবনের শিকার হয় ভাটি অঞ্চলের মানুষ। এবার ভারত ব্যারেজের সবগুলো গেট খুলে দেওয়ায় সেই আশঙ্কা আরও বেড়েছে।